বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বাপাউবো.বাংলা

**নির্বাহী প্রকৌশলী'র দপ্তর**
ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ
বাপাউবো, ঠাকুরগাঁও।

স্মারক নংঃ ৪২.০১.৯৪০০.১৮৬.০৭.০০১.২৫-৬১৩ তারিখঃ ১৫/১২/২০২৫খ্রিঃ।

## সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। আগ্রহী ঠিকাদার/সরবরাহকারীগণ কর্তৃক সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করে আগামী ১৮/১২/২০২৫ খ্রিঃ হতে ০১/০১/২০২৬ খ্রিঃ পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত) সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা সময়ের মধ্যে নির্বাহী প্রকৌশলী'র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র (ডকুমেন্ট) সংগ্রহ ও নিম্ন ছকে বর্ণিত কাগজ পত্রাদিসহ জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফরম বিক্রয় এবং আবেদন গ্রহণ করা হবে না।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও । |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২। হালনাগাদ ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (ব্যাংক স্টেটমেন্টসহ) ৪। জাতীয় পরিচয়পত্র ৫। পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি। |
| ৫। | আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও বরাবরে। |
| ৬। | তালিকাভূক্তিকরন ও নবায়ন ফি | নতুন তালিকাভূক্তির জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার সাথে ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা এবং নবায়নের জন্য ২,০০০.০০ (দুই হাজার) টাকার সাথে ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সিনিয়র সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও বরাবর জমা প্রদান করতে হবে। |
| ৭। | আবেদন প্রাপ্তির স্থান | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও। |
| ৮। | আবেদনপত্র দাখিল | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও । |
| ৯। | আবেদনপত্র (ডকুমেন্ট) বিক্রয়/জমা আরম্ভের তারিখ | ১৮/১২/২০২৫ খ্রিঃ, সকাল ৯:০০ ঘটিকা হতে। |
| ১০। | আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ০১/০১/২০২৬ খ্রিঃ, বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১। | আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | ০১/০১/২০২৬ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। |

### "শর্তাবলী"

১। **বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।**
২। নবায়নের ক্ষেত্রে অবশ্যই ঠিকাদার তালিকাভূক্তির রেজিষ্ট্রেশন বই জমা দিতে হবে।
৩। আবেদনের সাথে ২০২৫-২৬ কর বছরের আয়কর প্রদানের প্রমাণক প্রদান করতে হবে। জুলাই/২৫ খ্রিঃ হতে যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাদের আয়কর প্রদানের প্রমাণক প্রদান করতে হবে না।
৪। ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভূক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর যথাক্রমে ২৫.০০ লক্ষ (কার্য) ও ১৫.০০ লক্ষ (পণ্য) টাকার ব্যাংক সলভেন্সী প্রদান করতে হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সলভেন্সী সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।
৫। ঠিকাদারগণের আবেদনপত্র যাচাই বাচাই পূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত ঠিকাদারগণের তালিকা প্রকাশিত হবার পর তালিকাভূক্তিকরণ ফি ও নবায়ন ফি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট)অত্র দপ্তরের সহকারী প্রকৌশলীর নিকট জমা করতে হবে।
৬। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

১৫/১২/২৫

(মোঃ মনিরুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (অ.দা.)
আইডিঃ ৮৭০১২০০০২
টেলিফোন: ০২৫৮৭৭৩১০৫৭
ই-মেইল: xen.mechthak@gmail.com

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বাপাউবো.বাংলা

**নির্বাহী প্রকৌশলী'র দপ্তর**
ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ
বাপাউবো, ঠাকুরগাঁও।

স্মারক নংঃ ৪২.০১.৯৪০০.১৮৬.০৭.০০১.২৫-৬১৩ তারিখঃ ১৫/১২/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিঃপ্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, আলমনগর, রংপুর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও/পঞ্চগড়/দিনাজপুর।
৫। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। তালিকাটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), ঠাকুরগাঁও যান্ত্রিক উপ-বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও।
৮। সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও।
৯। সহকারী প্রকৌশলী, ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও। **তাকে ঠিকাদার তালিকাভুক্তির ফর্ম বিক্রয় ও গ্রহণ এবং নবায়ন ফিসহ নবায়নের আবেদন গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হলো।**
১০। দপ্তর কপি/ নোটিশ বোর্ড।

১৫/১২/২৫

নির্বাহী প্রকৌশলী (যা.)
ঠাকুরগাঁও যান্ত্রিক বিভাগ,
বাপাউবো, ঠাকুরগাঁও।